

মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন সংক্রান্ত সভা

প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৬ নভেম্বর ২০১৭ তারিখ
সকাল ১১.০০ টায় মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।
সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম। সভায় গত ২৩ নভেম্বর ২০১৪ তারিখে
মাননীয় প্রধানমন্ত্রী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান পরিদর্শনকালে প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের
লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভায় মাননীয় প্রধানমন্ত্রী নারায়ণগঞ্জ
মেরিন ইনসিটিউটকে মেরিন একাডেমিতে উন্নীতকরণ প্রতিশ্রুতির বিষয়ে আলোচনা হয়। মাননীয় প্রধানমন্ত্রী বর্তমানে যে
সকল ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয় তার পাশাপাশি আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নতুন নতুন
ট্রেডে এবং সংশ্লিষ্ট দেশের ব্যবহারিক ভাষা শিক্ষণে প্রশিক্ষণ প্রদান; প্রয়োজনে বিদ্যমান কোর্সের মেয়াদ বৃদ্ধি;
বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার জন্য এ
যুবশক্তিকে দেশের উন্নয়ন কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান; নারী অভিবাসন কার্যক্রম আরো
জোরদার; নারী অভিবাসী কর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে হবে এবং ব্যবহারিক
প্রশিক্ষণের উপর গুরুত্ব; দালাল ও অন্যান্য মধ্যস্বত্ত্বভোগীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ; বিদেশে
গমনেচ্ছুক কর্মীরা যেন দালালসহ অন্যান্য মধ্যস্বত্ত্বভোগীদের মাধ্যমে হয়রানী বা প্রতারণার শিকার না হয় তার জন্য ব্যাপক
জনসচেতনতা সৃষ্টির প্রচারণা; দেশের গরীব জনগণ যাতে কম খরচে বিদেশে কম খরচে কর্মসংস্থান লাভ করতে পারে সে
লক্ষ্যে অভিবাসন ব্যয় কমানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ; প্রবাসী কর্মীগণ যাতে প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে কম খরচে
দেশে অর্থ প্রেরণ করতে পারে এবং তাদের প্রেরিত অর্থ প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে পারে সে জন্য
সীমিত পরিসরে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদানে রজন্য অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকের সঙ্গে
আলোচনাক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণের পাশাপাশি নতুন নতুন শ্রমবাজার
অনুসন্ধান করতে হবে এবং প্রবাসী কর্মীদের কল্যাণ ও সেবা নিশ্চিত করণ; বিদেশস্থ শ্রম উইং-এর কর্মকর্তা/কর্মচারীগণকে
অধিকতর নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভায় এসকল বিষয়ের সর্বশেষ অগ্রগতি ও
বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, ক্যান্টনিজ কোরিয়ান, ইংরেজী ও জাপানীজ ভাষা প্রশিক্ষণ
প্রদানের পাশাপাশি রাশিয়ান ভাষা প্রশিক্ষণ কোর্স চালুর আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হয়েছে। সভায় সভাপতি বলেন, মাননীয়
প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়নের লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যরো (বিএমইটি), ওয়েজ
আর্নার্স কল্যাণ বোর্ড, বাংলাদেশ ওভারসীস এমপ্লায়মেন্ট সার্ভিসেসে লি: , প্রবাসী কল্যাণ ব্যাংক-কে মন্ত্রণালয়ের সাথে
সমন্বয় রেখে কার্যক্রম আরও জোরদার করতে হবে। সভাপতি সভায় উপস্থাপিত বিষয়ের সঠিকভাবে বাস্তবায়নে নির্দেশনা
ও পরামর্শ প্রদান করেন এবং উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।